# বরিশাল বোর্ড ২০১৬

ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা–দ্বিতীয় পত্র বিষয় কোড: | ২ | ৭ | ৮ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট সৃজনশীল প্রশ্ন পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

১.▶ বনলতা গার্মেন্টস-এর মালিক মুন্নি একজন সফল নারী উদ্যোক্তা। তার প্রতিষ্ঠানটি গত বছর রপ্তানিতে উল্লেখযোগ্য ভূমিকা রাখায় শ্রেষ্ঠ রপ্তানিকারক হিসেবে স্বীকৃতি পায়। মুন্নির দুই সন্তান। বড়টি ইঞ্জিনিয়ার, সরকারি চাকুরে। ছোট সন্তান তার মায়ের গার্মেন্টস-এর জেনারেল ম্যানেজার। দু'জনই সফলতার সাথে তাদের কর্মক্ষেত্রে সমান অবদান রাখছেন।

ক. ব্যবস্থাপনা কী? ১

খ. বৈজ্ঞানিক ব্যবস্থাপনা বলতে কী বোঝায়? ২

গ. মুন্নির ছোট সন্তান ব্যবস্থাপনার কোন স্তরে অবস্থান করছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. মুন্নির সামগ্রিক কর্মকাণ্ডে কি ব্যবস্থাপনার সর্বজনীনতা প্রমাণ করে? তোমার মতামত যুক্তিসহ ব্যাখ্যা করো। ৪

২.▶ মি. তৌহিদ রূপালী কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক। তিনি প্রতিষ্ঠানের যাবতীয় কাজ তার অধস্তনদের বুঝিয়ে দিয়ে প্রয়োজনীয় দায়িত্ব ও কর্তৃত্ব হস্তান্তর করেন। তার অফিসের ফ্যাক্স মেশিনটি খারাপ হওয়ায় পিয়ন আবুলকে একটি গুরুত্বপূর্ণ ডকুমেন্ট জরুরি ভিত্তিতে ফ্যাক্স করার জন্য বাহিরে পাঠায়। আবুলের প্রস্থানের পরপরই প্রতিষ্ঠানের চেয়ারম্যান তামীম মি. তৌহিদের রুমে প্রবেশ করেন। চেয়ারম্যানের আপ্যায়নের জন্য মাঝপথ থেকে মি. তৌহিদ আবুলকে ফিরিয়ে আনেন। চেয়ারম্যান চলে যাবার পর আবুল ডকুমেন্টটি ফ্যাক্স করে। ফ্যাক্স দেরীতে পার্টির নিকট পৌঁছানোর কারণে বিদেশি অর্ডারটি বাতিল হয়। এ কারণে মি. তৌহিদ আবুলকে বরখাস্ত করেন। ফলে শ্রমিক সংঘ বিক্ষোভে ফেটে পড়ে।

ক. নীতি কী? ১

খ. ব্যবস্থাপনার চক্র বলতে কী বোঝায়? ২

গ. তুমি কি মনে করো আবুলকে বরখাস্ত করার সিদ্ধান্তটি সঠিক ছিল? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্ভূত পরিস্থিতিটি সমাধানে মি. তৌহিদের করণীয় ব্যাখ্যা ও বিশ্লেষণ করো। ৪

৩.▶ মি. মেহেদী ও মাহমুদ দুই বন্ধু। মাহমুদ ২০০৬ সালে "অনেস্ট ব্যাংকের" লালবাগ শাখার শাখা ব্যবস্থাপক হিসেবে যোগদান করেন। ২ বছর পর মি. মেহেদী ঐ ব্যাংকের কাচারী বাজার শাখায় ব্যবস্থাপক হিসেবে যোগদান করেন। দু'জনই অত্যন্ত দক্ষতার সাথে তাদের ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে আসছেন। ২০১২ সালে ব্যাংক কর্তৃক দু'জনের কর্মদক্ষতা মূল্যায়ন করে মি. মাহমুদকে উচ্চ পদে পদোন্নতি প্রদান করেন। মেহেদী পদোন্নতি না পেয়ে হতাশ হন।

http://teachingbd.com

ক. কর্মীসংগ্রহ কী? ১
খ. কর্মী নির্বাচন বলতে কী বোঝায়? ২
গ. মি. মাহমুদকে কিসের ভিত্তিতে মি. মেহেদীর আগে পদোন্নতি দেয়া হয়? ব্যাখ্যা করো। ৩
ঘ. তুমি কি মনে করো "অনেস্ট ব্যাংকের" পদোন্নতি প্রক্রিয়াটি একটি যৌক্তিক ভিত্তির উপর প্রতিষ্ঠিত? বিশ্লেষণ করো। ৪

৪.▶ তিস্তা দুগ্ধখামারের ব্যবস্থাপনা পরিচালক জনাব মুশফিক বিদেশে উচ্চ ডিগ্রী নিয়ে দুগ্ধখামার ব্যবসায় শুরু করেন। তিনি নিজেকে অন্যের থেকে আলাদা মনে করেন। নিজের সিদ্ধান্ত তিনি সবসময়ই কর্মীদের উপর চাপিয়ে দেন। অনেক সময় কর্মীদের ভয়ভীতিও প্রদর্শন করেন। কর্মীরা চাকরি হারানোর ভয়ে কাজ করলেও এ অবস্থার অবসান চান।

ক. নেতৃত্ব কী? ১
খ. অনানুষ্ঠানিক নেতৃত্ব বলতে কী বোঝায়? ২
গ. তিস্তা দুগ্ধখামারে কোন ধরনের নেতৃত্ব বিদ্যমান? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানে কর্মীদের মানুসিক প্রশান্তি ও সর্বাত্মক লক্ষ্য অর্জনে কোন ধরনের নেতৃত্বকে তুমি সুপারিশ করবে? যুক্তি দাও। ৪

৫.▶ ব্যবস্থাপনা পরিচালক জারিন তার জারিন প্লাস্টিক কারখানা পরিদর্শনে গিয়ে দেখলেন উৎপাদন বিভাগের কর্মীরা অত্যন্ত আনন্দের সাথে মনোযোগ সহকারে কাজ করছে। প্যাকেজিং বিভাগে কর্মীরা দু'একজন কাজ করছে। দু'চারজন খোশগল্পে মাতেয়ারা। এ অবস্থা দেখে তিনি বিভিন্ন বিভাগের কর্মকর্তাদের ডেকে প্রয়োজনীয় নির্দেশনা দিলেন এবং ভবিষ্যতের জন্য সকলকে সতর্ক করে চলে গেলেন।

ক. প্রেষণা কী? ১
খ. প্রেষণার চক্র বলতে কী বোঝায়? ২
গ. জারিন তার প্রতিষ্ঠানে গিয়ে প্রেষণার কোন তত্ত্বের সাথে কর্মীদের আচরণের মিল খুঁজে পেলেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানটিতে জারিনের গৃহীত পদক্ষেপের ফলে কর্মীদের মধ্যে কী কী পরিবর্তন হতে পারে বলে তুমি মনে করো? বিশ্লেষণ করো। ৪

৬.▶ মি. রায়হান রায়হানা ট্রেডিং কর্পোরেশনের চেয়ারম্যান। তিনি তার প্রতিষ্ঠানের প্রতিটি বিভাগের বিভাগীয় প্রধানের করণীয় সম্পর্কে নির্দেশনা প্রদান করে থাকেন। তিনি একজন ভাল রপ্তানিকারক। দেশ-বিদেশে ব্যবসায়িক যোগাযোগের জন্য তিনি Rayhan 74@gmail.com এ ঠিকানাটি ব্যবহার করেন।

ক. যোগাযোগ কী? ১
খ. উলম্ব যোগাযোগ বলতে কী বোঝায়? ২
গ. রায়হানা ট্রেডিং-এর যোগাযোগ পদ্ধতিটি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

http://teachingbd.com

ঘ. তুমি কি মনে করো রায়হানা ট্রেডিং-এর ব্যবহৃত যোগাযোগের মাধ্যমটি বিদেশিদের সাথে যোগাযোগের জন্য যথেষ্ট? যুক্তি দাও। ৪

৭.▶ জনাব দুলাল মিঞা দুলালী টেক্সটাইল মিলের প্রধান নির্বাহী হিসেবে ঢাকা থেকে বদলি হয়ে আসেন। একটি বিভাগের পরিবর্তন অন্য বিভাগের সাথে সম্পর্কযুক্ত। এটি বিবেচনা না করে তিনি গণবদলি করেন। ফলে বিভিন্ন বিভাগের দক্ষ ও অদক্ষ কর্মীদের মধ্যে ক্ষোভ দেখা দেয়। তিন মাসের মধ্যে উৎপাদন হ্রাস পায়।

ক. সমন্বয়সাধন কী? ১

খ. স্বেচ্ছামূলক সমন্বয় বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত মি. দুলাল মিঞা বদলির ক্ষেত্রে সমন্বয়ের কোন নীতি লঙ্ঘন করেছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. দুলালী টেক্সটাইল মিলের স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনতে করণীয় কী আলোচনা করো। ৪

৮.▶ডিজি ডায়াগনস্টিক সেন্টার প্রধান নির্বাহী কর্মকর্তা নিয়োগের জন্য পত্রিকায় বিজ্ঞাপ্তি দেয়। ৫০ জন প্রার্থীর দরখাস্ত বাছাই করে ১০ জন পরীক্ষায় অংশগ্রহণের জন্য মনোনীত করে। এদের সবাইকে বুদ্ধিমত্তা পরীক্ষায় অংশগ্রহণের জন্য ডাকা হয়। তাদের মধ্য থেকে ৫ জনকে বুদ্ধিমত্তা পরীক্ষায় অংশগ্রহণ করলেও অধিক যোগ্যতাসম্পন্ন ২ জনকে সাক্ষাৎকার গ্রহণ করে ১ জনকে নিয়োগ দেয়া হয়।

ক. পদোন্নতি কী? ১

খ. মানব সম্পদ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে কর্মীসংস্থানের কোন উৎস ব্যবহার করা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের আলোকে তুমি কি মনে করো উক্ত নিয়োগ পদ্ধতি সঠিক ছিল? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৯.▶ জনাব দলিলুর রহমান একটি উৎপাদনমুখী প্রতিষ্ঠানের মালিক। তিনি দুই লক্ষ পিসের বেশি প্যান্ট বাৎসরিক বিক্রি করতে পারলে তার প্রতিষ্ঠান লাভ করবে বলে তিনি মনে করেন। কিন্তু বৎসর শেষে দেখা যায় ১,৫০,০০০ (এক লক্ষ পঞ্চাশ হাজার) পিসের বেশি বিক্রি হয়নি। এ অবস্থা থেকে উত্তোরণের জন্য তিনি একটা আধুনিক কৌশলের মাধ্যমে বিক্রয়ের কথা ভাবছেন।

ক. নিয়ন্ত্রণ কী? ১

খ. পরিকল্পনাকে কেন নিয়ন্ত্রণের ভিত্তি বলা হয়? ২

গ. সম আয়-ব্যয় বিন্দুতে পৌঁছাতে জনাব দলিলুর রহমানকে আরও কী পরিমাণ প্যান্ট পিস বিক্রি করতে হতো? ব্যাখ্যা করো। ৩

ঘ. কোন আধুনিক নিয়ন্ত্রণ কৌশল গ্রহণ করে জনাব দলিলুর রহমান বিক্রয় বৃদ্ধি করবেন ভাবছেন? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

http://teachingbd.com

ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা-দ্বিতীয় পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট | পূর্ণমান — ৪০ | বিষয় কোড : ২ ৭ ৮

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. ব্যবস্থাপনার ক্ষেত্রে নির্দেশনা কোন ধরনের যোগাযোগ প্রবাহ সৃষ্টি করে?
ক একমুখী খ দ্বিমুখী গ ত্রিমুখী ঘ বহুমুখী

২. সমন্বয় সাধনের প্রধান উদ্দেশ্য কোনটি?
ক ঐক্য স্থাপন খ ব্যয় হ্রাস
গ সময় নিয়ন্ত্রণ ঘ নীতি বাস্তবায়ন

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব রহমান একটি রপ্তানিমুখী পোশাক কারখানার মালিক। তিনি যুক্তরাষ্ট্র হতে ৩০,০০০ ইউনিট টি-শার্টের রপ্তানি অর্ডার পান। কিন্তু নির্দিষ্ট সময়ের মধ্যে উল্লিখিত ইউনিট উৎপাদন করতে ব্যর্থ হন।

৩. জনাব রহমান সাহেবের ব্যর্থতার কারণ কী?
ক পরিকল্পনার অভাব খ সমন্বয় সাধনের অভাব
গ সংগঠন কাঠামোর অভাব ঘ প্রেষণার অভাব

৪. জনাব রহমানকে ভবিষ্যতে যা করতে হবে তা হলো—
i. সুষ্ঠু পরিকল্পনা ii. উপযুক্ত যন্ত্রপাতি
iii. দক্ষ কর্মী
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৫. যে বিন্দুতে বিক্রয় ও মোট ব্যয়ের পরিমাণ সমান হয় তাকে কী বলে?
ক পার্ট খ গ্যান্ট চার্ট
গ বাজেট ঘ সমচ্ছেদ বিন্দু

৬. কোনটি ছাড়া নিয়ন্ত্রণ কার্যকর করা সম্ভবপর হয় না?
ক সংশোধনমূলক ব্যবস্থা খ বিচ্যুতি নির্ণয়
গ সম্পাদিত কার্যের পরিমাণ ঘ আদর্শ মান নির্ণয়

৭. পদোন্নতির ভিত্তি কয়টি?
ক ২টি খ ৩টি গ ৪টি ঘ ৫টি

৮. আদেশের ঐক্য বলতে নিচের কোনটি বোঝায়?
ক বিভিন্ন উর্ধ্বতনের আদেশ পালন
খ একক উর্ধ্বতনের আদেশ পালন
গ দ্বৈত আদেশ গ্রহণ
ঘ সবার দ্বারা আদেশ পালন

৯. মৌখিক যোগাযোগের মাধ্যম কোনটি?
ক কর্মচারী বুলেটিন খ সাক্ষাৎকার
গ বুলেটিন বোর্ড ঘ দেয়াল পত্রিকা

১০. ব্যবস্থাপনা চক্রে নিঃসরণের পরবর্তী অর্থ কী?
ক সংগঠন খ প্রেষণা
গ নির্দেশনা ঘ পরিকল্পনা

১১. কর্মীদের শাস্তি প্রদানের মাধ্যমে কাজ আদায় করা হয় কোন ধরনের নেতৃত্বে?
ক অনানুষ্ঠানিক খ গণতান্ত্রিক
গ স্বৈরতান্ত্রিক ঘ লাগামহীন

১২. কর্মী সংগ্রহের প্রথম কাজ কী?
ক কর্মীর বুদ্ধি যাচাই খ কর্মী নির্বাচন
গ কর্মীর দক্ষতা যাচাই ঘ কর্মীর চাহিদা নির্ধারণ

নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৩ নং প্রশ্নের উত্তর দাও।
মি. জয়ন্ত তার প্রতিষ্ঠানের কর্মীদের প্রতি অত্যন্ত সদয়। কিন্তু প্রতিষ্ঠানের কাজের বিষয়ে তিনি কারও পরামর্শ শুনতে আগ্রহী নন।

১৩. উদ্দীপকে মি. জয়ন্তের নেতৃত্বের ধরন কোনটি?
ক কর্মীকেন্দ্রিক খ পিতৃতান্ত্রিক
গ গণতান্ত্রিক ঘ স্বৈরতান্ত্রিক

১৪. কোনটি অনার্থিক প্রেষণা?
ক বোনাস খ অগ্রিম গ বেতন ঘ নিরাপত্তা

১৫. সরলরৈখিক সংগঠনের ক্ষেত্রে যেটি প্রযোজ্য—
i. কর্তৃত্ব উপর থেকে প্রবাহিত
ii. দায়িত্ব নিচ থেকে প্রবাহিত
iii. প্রতিষ্ঠানের ভারসাম্য অর্জিত হয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব রহিম কিছু অফিসার নিয়োগের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি দিলেন। তিনি আবেদনপত্র তথ্য নিলেন। আবেদনপত্র বাছাই করে যোগ্য প্রার্থীদের সাক্ষাৎকারের জন্য চিঠি পাঠান।

১৬. জনাব রহিম-এর পরবর্তী কাজ কর্মী সংস্থান প্রতিষ্ঠার কোন কাজের সাথে জড়িত?
ক কর্মী সংগ্রহ খ কর্মী নির্বাচন
গ কর্মী নিয়ন্ত্রণ ঘ কর্মী উন্নয়ন

১৭. কর্মী সংগ্রহের সর্বাধিক ব্যবহৃত উৎস কোনটি?
ক কর্মী বিনিয়োগ কেন্দ্র খ আউটসোর্সিং
গ ট্রেড ইউনিয়ন ঘ বিজ্ঞাপন

১৮. ব্যবস্থাপনার ক্ষেত্রে নেতৃত্ব হলো—
i. কর্মীদের পরিচালিত করা
ii. কর্মীদের আদেশপত্র করা
iii. উদ্দেশ্যের দিকে ধাবিত করা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৯. প্রেষণার দ্বি-উপাদান তত্ত্বের প্রবর্তক কে?
ক ফ্রেডারিক হার্জবার্গ খ আব্রাহাম মাসলো
গ উইলিয়াম ওচি ঘ ডালাস ম্যাকগ্রেগর

২০. E-commerce-এর পূর্ণ রূপ কী?
ক Electric commerce
খ Electronic commerce
গ Effective commerce
ঘ Economic commerce

২১. সমন্বয়ের প্রতিবন্ধকতা হলো—
i. অস্পষ্ট উদ্দেশ্য ii. দ্বৈত অধীনতা
iii. ধারাবাহিকতা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২২. কার্যভিত্তিক ব্যবস্থাপনা স্কুলের প্রবক্তা কে?
ক FW Taylor খ Henry Fayol
গ Maslow ঘ Herzberg

Teachingbd.com

নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও।

সুনামগঞ্জের জনাব আহমদ একটি মৎস্য খামার করেছেন। পূর্ব অভিজ্ঞতা না থাকলেও নেতৃত্বের কৌশল এবং কর্মীদের ভালো সুযোগ-সুবিধা দেয়ার অল্প দিনের মধ্যে তার মৎস্য খামারটি উন্নতি করছে। তিনি কর্মীদের মতামতের গুরুত্ব দেন।

২৩. জনাব আহমদ এর ব্যবসায়ের উন্নতিতে কী ধরনের প্রেষণা কাজ করছে?
ক আর্থিক খ অনার্থিক
গ আর্থিক ও অনার্থিক ঘ গণতান্ত্রিক

২৪. জনাব আহমেদ যেসব প্রেষণা প্রদান করেন তা হলো—
i. উপযুক্ত পারিশ্রমিক ii. সঠিক নেতৃত্ব
iii. সিদ্ধান্ত গ্রহণে অংশগ্রহণ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৫. নির্দেশনার ঐক্য ব্যবস্থাপনার একটি—
ক গুরুত্ব খ উদ্দেশ্য গ কার্যাবলি ঘ নীতি

২৬. শিল্প বিপ্লবের সূত্রপাত সর্বপ্রথম কোথায় ঘটে?
ক যুক্তরাষ্ট্র খ ফ্রান্সে
গ যুক্তরাজ্যে ঘ জার্মানিতে

২৭. বৈজ্ঞানিক ব্যবস্থাপনার মানবীয় দিক কোনটি?
ক শ্রমিক নিয়োগ খ পরিকল্পনা
গ কাঁচামাল ঘ কারখানা পরিবেশ

নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও।

জনাব রসিদ স্টার লি.-এর জেনারেল ম্যানেজার। সারা বছর তিনি খুব ব্যস্ত থাকেন। বছরের শুরুতে খুবই তড়িঘড়ি করে পরিকল্পনা নেয়ায় পরবর্তীতে নানান অসুবিধায় পড়েন এবং ব্যয় বৃদ্ধি পায়। ভবিষ্যতে তিনি আরও সময় ও তথ্যাদি নিয়ে পরিকল্পনা করবেন বলে চিন্তা-ভাবনা করেন।

২৮. জনাব রসিদ তড়িঘড়ি করে পরিকল্পনা করার উত্তম পরিকল্পনার কোন প্রধান বৈশিষ্ট্য লঙ্ঘিত হয়েছে?
ক সমন্বয় ও যোগাযোগের অভাব থাকছে
খ ভবিষ্যৎ যথেষ্ট মূল্যায়িত হচ্ছে না
গ অধস্তনদের নিকট গ্রহণযোগ্য হচ্ছে না
ঘ পরিকল্পনা বাস্তবায়নে ব্যয় বাড়ছে

২৯. জনাব রসিদ পরিকল্পনা প্রণয়নে যা করতে পারেন তা হলো—
i. প্রয়োজনীয় তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ
ii. সম্ভাব্য বিকল্পগুলো নির্ধারণপূর্বক মূল্যায়ন
iii. উত্তম বিকল্পকে পরিকল্পনার অন্তর্ভুক্তকরণ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৩০. হেনরি ফেয়ল কোন দেশের অধিবাসী?
ক ব্রিটেন খ জার্মানি
গ ফ্রান্স ঘ যুক্তরাষ্ট্র

৩১. ভবিষ্যতে কি করা হবে তার অগ্রিম চিন্তা ভাবনাকে কি বলে?
ক কর্মী সংস্থান খ সংগঠন
গ নির্দেশনা ঘ পরিকল্পনা

৩২. ব্যবস্থাপনা একটি প্রক্রিয়া কারণ—
i. এটি একগুচ্ছ কাজের সমষ্টি
ii. এর কাজগুলো ধারাবাহিকভাবে সম্পন্ন হয়
iii. এর কাজগুলো পরস্পর সম্পর্কিত
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩৩ নং প্রশ্নের উত্তর দাও।

মি. জিসান সুরমা টেক্সটাইলের ব্যবস্থাপক। তার অধীনে ছয়জন বিভাগীয় প্রধান কর্মরত আছেন। তার নিজ নিজ বিভাগের মিশরে বিশেষজ্ঞ এবং তারা নিল বিদ্রোহের সিদ্ধান্ত গ্রহণের অধিকারী।

৩৩. উদ্দীপকের সুরমা টেক্সটাইলের সংগঠন কাঠামোর ধরন কোনটি?
ক সরলরৈখিক খ কার্যভিত্তিক
গ সরলরৈখিক ও উপদেষ্টা ঘ মেট্রিক্স

৩৪. দলীয় সমঝোতার নীতি মেনে চললে প্রতিষ্ঠানে কোন ধরনের সমন্বয় ব্যবস্থা গড়ে ওঠে?
ক স্বতঃস্ফূর্ত খ বাস্তবমূলক
গ আনুষ্ঠানিক ঘ অনানুষ্ঠানিক

৩৫. কর্মসূচি কিরূপ পরিকল্পনা?
ক লক্ষ্য খ একার্থক
গ স্থায়ি ঘ উদ্দেশ্য

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩৬ ও ৩৭ নং প্রশ্নের উত্তর দাও।

বাজেট ছাড়া কোনো প্রতিষ্ঠান পরিচালনা কল্পনা করা যায় না। পরিবার থেকে শুরু করে ব্যবসার প্রতিষ্ঠানের যে কোনো ক্ষেত্রে বাজেট প্রয়োজন। বাজেট মূলত নিয়ন্ত্রণ প্রক্রিয়ার একটি কৌশল।

৩৬. বাজেট কোনটির মাধ্যমে প্রকাশ করা হয়?
ক সংখ্যার খ মানের
গ কঠোর ঘ জ্ঞানের

৩৭. কোনটি বাজেটের পূর্বশর্ত হিসেবে বিবেচিত?
i. প্রতিষ্ঠানের সুনির্দিষ্ট লক্ষ্য
ii. প্রতিষ্ঠানের সফলতা ও ব্যর্থতা
iii. আর্থিক বিবরণী তৈরি করা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৩৮. রবি ব্যবসা করতে ইচ্ছুক। ব্যবসায় শুরু করতে প্রথমে তাকে কী গ্রহণ করতে হবে?
ক সিদ্ধান্ত খ পরিকল্পনা
গ মুনাফা ঘ ঋণ গ্রহণ

৩৯. Organize শব্দটির অর্থ কী?
ক পরিকল্পনা খ কর্মী সংস্থান
গ প্রেষণা ঘ সংগঠিতকরণ

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৪০ নং প্রশ্নের উত্তর দাও।

কেয়া কসমেটিকস লি.-এর উৎপাদন ব্যবস্থাপক মি. আলম উৎপাদন হ্রাস পাবার কারণ নির্ধারণের জন্য অধস্তনদের নির্দেশ দেন। অধস্তন কর্মীরা মি. আলমকে জানান, তাদের একটি মেশিন সঠিকভাবে কাজ না করায় উৎপাদন কম হচ্ছে।

৪০. উদ্দীপক কোন ধরনের যোগাযোগ ব্যবস্থা লক্ষ্য করা যায়?
ক ঊর্ধ্বগামী খ সরগ্রাম
গ নিম্নগামী ঘ অনানুষ্ঠানিক

উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | ক | ৩ | ক | ৪ | ঘ | ৫ | ঘ | ৬ | ঘ | ৭ | খ | ৮ | খ | ৯ | খ | ১০ | ঘ | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | ঘ | ১৪ | ঘ | ১৫ | ক | ১৬ | খ | ১৭ | ঘ | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | ঘ |
| ২১ | ঘ | ২২ | ক | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | ঘ | ২৬ | গ | ২৭ | খ | ২৮ | খ | ২৯ | ঘ | ৩০ | গ | ৩১ | ঘ | ৩২ | ঘ | ৩৩ | ঘ | ৩৪ | ক | ৩৫ | খ | ৩৬ | ক | ৩৭ | ক | ৩৮ | খ | ৩৯ | ঘ | ৪০ | গ |

http://teachingbd.com